গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ-১ শাখা
www.moef.gov.bd

স্মারক নম্বর-২২.০০.০০০০.০৭৫.৯৯.০০৪.২৩(অংশ-১).৩১৫

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগস্ট ২০২৬

বিষয়: নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগের ব্যবহার বন্ধে সচেতনতামূলক কার্যক্রম জোরদারকরণ এবং আইনের কঠোর প্রয়োগ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত)-এর ৬ক ধারার বিধান অনুযায়ী পলিথিন শপিং ব্যাগের উৎপাদন, আমদানি, মজুদ, বিপণন, বিক্রয়, সরবরাহ, প্রদর্শন, পরিবহন ও ব্যবহার নিষিদ্ধ। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী আগামী **১৭ আগস্ট ২০২৬** তারিখ হতে রাজধানীসহ সারা দেশে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগের উৎপাদন ও ব্যবহার বন্ধে আইনের কঠোর প্রয়োগ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১। রাজধানীসহ সারাদেশের সকল কাঁচাবাজার, পাইকারি বাজার, সুপারশপ, শপিংমল এবং অন্যান্য বাণিজ্যিক প্রতিষ্ঠানের ব্যবসায়ী সংগঠনের সভাপতি/সাধারণ সম্পাদকসহ সংশ্লিষ্ট সকল অংশীজনকে পত্র প্রেরণপূর্বক তাদের মার্কেট ও প্রতিষ্ঠানে পলিথিন শপিং ব্যাগের ব্যবহার সম্পূর্ণরূপে বন্ধ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

২। আগামী **১৬ আগস্ট ২০২৬** তারিখ পর্যন্ত অবৈধ পলিথিন জব্দকরণ, ব্যবসায়ী সংগঠনসমূহের সঙ্গে মতবিনিময় সভা আয়োজন এবং ব্যাপক জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা;

৩। আগামী **১৭ আগস্ট ২০২৬** তারিখ হতে অবৈধ পলিথিন শপিং ব্যাগের উৎপাদন, মজুদ, বিক্রয়, সরবরাহ ও ব্যবহার বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং বিশেষ অভিযান অব্যাহত রাখা;

৪। বিভাগীয় শহর এবং জেলা/উপজেলা শহরসমূহে অনুরূপ কার্যক্রম গ্রহণের জন্য পরিবেশ অধিদপ্তরের সকল অঞ্চল ও মহানগরের পরিচালক এবং উপপরিচালকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

৫। গৃহীত কার্যক্রম, অভিযান এবং অগ্রগতির তথ্য নিয়মিতভাবে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করা।

সংযুক্তি: বর্ণনামতে।

০৬.০৮.২০২৬

(সিদ্ধার্থ শংকর কুন্ডু)
উপসচিব
ফোন নং-৫৫১০০২৬০
ই-মেইল: envpc1@moef.gov.bd

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. অতিরিক্ত সচিব (পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও আইন/পরিবেশ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ/পরিবেশ-১/২), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয়,..................................।
৪. মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা গবেষণাগার/ঢাকা অঞ্চল/ঢাকা মহানগর/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ।
৭. সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. উপপরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা/মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ-১ শাখা
www.moef.gov.bd

স্মারক নম্বর-২২.০০.০০০০.০৭৫. ৯৯.০০৪.২৩(অংশ-১).৩১৬

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগস্ট ২০২৬

বিষয়: নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগের উৎপাদন, পরিবহন, গুদামজাতকরণ ও ব্যবহার বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশনা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত)-এর ৬ক ধারার বিধান অনুযায়ী পলিথিন শপিং ব্যাগের উৎপাদন, আমদানি, মজুদ, বিপণন, বিক্রয়, সরবরাহ, প্রদর্শন, পরিবহন ও ব্যবহার নিষিদ্ধ। নিষেধাজ্ঞা সত্ত্বেও রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় অবৈধভাবে পলিথিন শপিং ব্যাগের উৎপাদন, পরিবহন, গুদামজাতকরণ, বিক্রয় ও ব্যবহার অব্যাহত রয়েছে, যা পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি সৃষ্টি করছে।

০২। বর্তমান সরকার পলিথিন শপিং ব্যাগের উৎপাদন ও ব্যবহার সম্পূর্ণরূপে বন্ধে দৃঢ় প্রতিজ্ঞ। ইতোমধ্যে রাজধানীর বিভিন্ন কাঁচাবাজারে সচেতনতামূলক কার্যক্রম শুরু হয়েছে এবং আইন প্রয়োগকারী সংস্থার সমন্বয়ে মোবাইল কোর্ট ও অবৈধ পলিথিন জব্দকরণে বিশেষ অভিযান পরিচালিত হচ্ছে। তবে, নিষেধাজ্ঞা সত্ত্বেও রাজধানীসহ দেশের বিভিন্ন কাঁচাবাজার ও বিপণিবিতানে পলিথিন শপিং ব্যাগের ব্যবহার এখনো ব্যাপকভাবে পরিলক্ষিত হচ্ছে। ফলে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ শেষে **আগামী ১৭ আগষ্ট ২০২৬** তারিখের পর রাজধানীসহ সারা দেশে নিষিদ্ধ ঘোষিত পলিথিন এর ব্যবহার বন্ধে আইনের কঠোর প্রয়োগ একান্ত প্রয়োজন। আগামী **১৭ আগস্ট ২০২৬** তারিখ হতে রাজধানীসহ সারা দেশে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগের বিরুদ্ধে আইনের কঠোর প্রয়োগ নিশ্চিত করার লক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সমন্বিত অভিযান প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগের **উৎপাদন, পরিবহন, গুদামজাতকরণ, সরবরাহ ও ব্যবহার বন্ধে** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), বাংলাদেশ কোস্ট গার্ডসহ সংশ্লিষ্ট সকল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সদয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৬.০৮.২০২৬


(সিদ্ধার্থ শংকর কুন্ডু)
উপসচিব
ফোন নং-৫৫১০০২৬০
ই-মেইল: envpc1@moef.gov.bd


সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), পিলখানা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. মহাপরিচালক, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার্স, কার্গো অ্যাডমিন বিল্ডিং, কুর্মিটোলা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও আইন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০ পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা গবেষণাগার/ঢাকা অঞ্চল/ঢাকা মহানগর/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ।